

সম্পূর্ণ বিনামূল্যে ফ্রিল্যান্সিং (গ্রাফিক্স ডিজাইন) প্রশিক্ষণে ভর্তি বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, সদর, নীলফামারী এর আয়োজনে মানব সম্পদ উন্নয়নে যুবক যুবতীদের কর্মসংস্থানের লক্ষ্যে ৩০ (ত্রিশ) দিনব্যাপী সম্পূর্ণ বিনামূল্যে ফ্রিল্যান্সিং (গ্রাফিক্স ডিজাইন) প্রশিক্ষণে ভর্তির জন্য নীলফামারী সদর উপজেলা ও পৌরসভার ১৮ থেকে ৩৫ বছর বয়সী কমপক্ষে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কর্মপ্রত্যাশীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইন ফর্ম পূরণের আহ্বান করা যাচ্ছে।

১। অনলাইন আবেদনের গুগল ফর্ম লিংকঃ <https://shorturl.at/LcQgV>

২। অনলাইন আবেদনের গুগল ফর্ম আগামী ১৪/০৯/২০২৬ খ্রি. সোমবার দুপুর ১২.০০ মিনিট পর্যন্ত পূরণ করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদনের লিংক স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে এবং আবেদন করার আর কোনো সুযোগ থাকবে না।

৩। বৈধ আবেদনকারীদের মৌখিক পরীক্ষা আগামী ১৫/০৯/২০২৬ খ্রি. মঙ্গলবার সকাল ১০ ঘটিকায় জেলা আইসিটি অফিস, নীলফামারীতে (সার্কিট হাউজ রোড, কাস্টমস অফিসের অপজিটে) অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষায় আবশ্যিকভাবে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সদ্য তোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি জমা দিতে হবে এবং মূল কপি দেখাতে হবে।

৪। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীর নিজস্ব ল্যাপটপ/কম্পিউটার থাকা বাধ্যতামূলক। দীর্ঘ সময় কাজ করার ধৈর্য ও ফ্রিল্যান্সিং প্ল্যাটফর্মে আয় করার মানসিকতা থাকতে হবে। প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে আবশ্যিকভাবে আয় করে দেখাতে হবে।

৫। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীর বাছাইয়ের ক্ষেত্রে আইসিটি/কম্পিউটার বিষয়ে বেসিক ধারণা এবং ইংরেজিতে দক্ষতা রয়েছে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

৬। এ প্রশিক্ষণ সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে। ভর্তির জন্য কোনো প্রকার ফি'র প্রয়োজন হবে না। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।

৭। কর্তৃপক্ষ এ ভর্তি বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।



রতন চন্দ্র রায়

উপজেলা আইসিটি অফিসার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয়, নীলফামারী সদর, নীলফামারী

মোবাইলঃ ০১৫১৫-৬৩১০১৯

ই-মেইলঃ ratan.doict@gmail.com